

# অপচয়

অভিজিত পালচৌধুরী

কার হাতে রোজ রোজ অপচয় হয়ে যায় দিন  
মহার্য দিনের শেষে সেই কথা ভাবি রাত হলে  
পুরাতন মেঘ এসে টোকা দেয় জানালার কাঁচে  
ফুলদানে রেখে দিই দু-একটি যৌনগন্ধী ফুল

যেভাবে অতীত আসে ঝরা পাতা সরে সরে যায়  
পাতার মর্মরধূমি, রোদনের মতো তোলে চেউ  
কারা দেয় হাতছানি, তারা কারা, শৈশব সকাল  
চোখে চোখে হাসাহাসি, নাকি আজ এইটুকু থাক

এভাবে গড়িয়ে যাই, সেভাবে গড়িয়ে যায় দিন  
ঝিনুকে ঝিনুকে খুঁজি, একটি মুক্তের খোঁজ করি  
পাতার শিরার মতো দিন চিরে তাকে খুঁজে দেখি  
সব যেন প্রহসন হ'য়ে যায় বিকেলের শেষে

সন্ধ্যায় সঙ্গীত আসে, ভেঙে দেয় সব চেনা সুর  
পুতুলের হাত ধরে ঘুরে আসি কোনো কোনোদিন  
আমার অতীত ছিল, হয়তো তোমারও ছিল কিছু  
পরস্পর চেনা জানা, যতটুকু পরিচয় পাই

অক্ষয় জন্মের ভুলে, ভরা পাতা সাদা হ'য়ে যায়  
নীল কালি চুমু খায়, অবিরত কলমের ঠোঁটে  
বেতালের অনুবাদে কোনো দেশে ধনী হয় মেয়ে  
ঘুম থেকে অন্যঘুমে চ'লে যাই রাতের স্বদেশে

কার হাতে এই দিন অপচয় হ'য়ে যায় রোজ  
নীলরঙ ভালোবাসি সমুদ্র আকাশ সব নীল  
তুমি আমি বহুদূর, তবু তুমি একবার এসো  
ফুলদানে রেখে যাও দু-একটা যৌনগন্ধী ফুল